ইত্তেফাক

তারিখ ...২৭/৫/৭৫...
পৃষ্ঠা... ৩ ...কলাম... ২ ...

৩৬

# বেতন বাকী

ফুলবাড়ী (রংপুর), ২৫শে মে (নিজস্ব সংবাদদাতা)—গত ৩গার মাস যাবৎ ফুলবাড়ী কলেজের অধ্যাপকগণ বেতন পাইতেছেন না। কলেজের নামে স্থানীয় জনসাধারণের অনুদানকৃত জমির উৎপাদিত ফসলের অর্থ দ্বারাও তাঁহাদের বেতন পরিশোধ করা সম্ভব হইতেছে না। অভিজ্ঞমহলের মতে, প্রেসিডেন্টের প্রতিশ্রুত দেড় লক্ষ টাকা প্রদান করা হইলে কলেজটিকে আর্থিক অনটনের হাত হইতে রক্ষা করা যাইতে পারে।

লালমোহন (বরিশাল) হইতে ইত্তেফাক সংবাদদাতা জানান, স্থানীয় বহুমুখী হাইস্কুলের শিক্ষকগণ গত ৬ মাস যাবৎ বেতন ও শিক্ষক বেনিফিট পাইতেছেন না। থানার অন্যান্য স্কুলের অবস্থাও তদ্রূপ। এদিকে ধলিগৌরনগর হাইস্কুলের শিক্ষকদের তের মাসের বেতন বাকী।